গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর- ০৪.০০.০০০০.৫১২.৮২.০৫৪.১৪-৫৫২

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৩ / ১২ ডিসেম্বর ২০১৬

বিষয়: **National Household Database (NHD) প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

সূত্র: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিবের আধা-সরকারি পত্র নম্বর-৫২.০০.০০০০.০০৮.১৪.৭৩৬.১৬-৪৯৭ ২০১৩-১৩০ তারিখ: ০৫.১২.১৬

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব কর্তৃক মন্ত্রিপরিষদ সচিব মহোদয় বরাবর প্রেরিত সূত্রে উল্লিখিত আধা-সরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল। পত্রে উল্লেখ করা হয়েছে যে সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলির যথাযথ উপকারভোগী নির্বাচন এবং কর্মসূচিগুলি আরও সুনির্দিষ্ট ও কার্যকরভাবে বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক National Household Database (NHD) শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। উল্লিখিত ডাটাবেইজ প্রণয়নের লক্ষ্যে দেশের প্রতিটি খানা/পরিবার থেকে সাক্ষাৎকারের ভিত্তিতে Intelligent Character Recognition পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হবে। তিনটি পর্যায়ে এ তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে। প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রথম ফেইজে বরিশাল ও রংপুর বিভাগের সকল জেলা এবং ময়মনসিংহ বিভাগের জামালপুর, শেরপুর ও ময়মনসিংহ জেলাসহ মোট ১৭টি জেলায় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে। এ কার্যক্রম পরিচালনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিদ্যমান জনবল প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এ জন্য উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত উপজেলায় কর্মরত অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে জোনাল অফিসার হিসাবে নিয়োগে সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে যথাযথ সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।

(মঈনউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@ cabinet.gov.bd

১। বিভাগীয় কমিশনার
..................(সকল)।
২। জেলা প্রশাসক
..................(সকল)।
৩। উপজেলা নির্বাহী অফিসার
..................(সকল)।

অনুলিপি:

সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা

মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
ডাইরী নং ২২৬৬
তারিখ ০৬/১২/২০১৬

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা-১২০৭

Secretary
Statistics and Informatics Division
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh
Dhaka-1207

ডিও পত্র নং- ৫২.০০.০০০০.০০৮.১৪.৭৩৬.১৬-৪১৭

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রিয় মহোদয়,

আপনি অবহিত রয়েছেন যে, বর্তমান সরকার অতিদ্রুত এবং কার্যকরভাবে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে নানাবিধ সামাজিক নিরাপত্তা কর্মসূচি গ্রহণ করেছে। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এ সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচিগুলোর যথাযথ উপকারভোগী নির্বাচনের সুবিধার্থে এবং কর্মসূচিগুলো আরো সুনির্দিষ্ট ও কার্যকরভাবে বাস্তবায়নে সহায়তার লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিশ্বব্যাংকের সহায়তায় 'National Household Database (NHD)' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে দেশের সকল খানার আর্থ-সামাজিক ও জনমিতিক তথ্য সম্বলিত একটি ডাটাবেইজ প্রস্তুতের উদ্যোগ গৃহীত হয়েছে।

০২। উল্লিখিত ডাটাবেইজ প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে দেশের প্রতিটি খানা/পরিবার (Household) হতে সাক্ষাৎকারের ভিত্তিতে Intelligent Character Recognition (ICR) পদ্ধতিতে ছাপানো প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। এ তথ্য সংগ্রহ কার্যক্রম সারাদেশে ৩ (তিন) টি পর্যায়ে পরিচালনা করা হবে। উক্ত তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে স্থানীয়ভাবে শিক্ষিত জনগোষ্ঠির মধ্য হতে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। মূল তথ্য সংগ্রহ কার্যক্রম শুরুর পূর্বে গণনা এলাকার সীমানা নির্ধারণ, গণনা এলাকার ম্যাপ প্রস্তুতকরণ ও অন্যান্য প্রস্তুতিমুলক কার্যক্রম সম্পন্ন করা হবে। প্রকল্পের টেকনিক্যাল কমিটি ও স্টিয়ারিং কমিটির পরামর্শ অনুযায়ী গড়ে ৭০০০ খানা আছে এমন ইউনিয়ন (পৌরসভার ক্ষেত্রে ওয়ার্ড) এ একজন এবং ৭০০০ এর বেশী খানা সম্বলিত ইউনিয়ন/ওয়ার্ডে দুইজন কর্মকর্তা/কর্মচারীকে জোনাল অফিসার হিসেবে নিয়োগ করা হবে। ফলে সারাদেশে প্রায় ৭৫০০ জোনাল অফিসার প্রয়োজন হবে।

০৩। প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রথম ফেইজে বরিশাল ও রংপুর বিভাগের সকল জেলা এবং ময়মনসিংহ বিভাগের জামালপুর, শেরপুর ও ময়মনসিংহ জেলাসহ মোট ১৭ টি জেলায় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা হবে। বর্ণিত ১৭ টি জেলায় প্রায় ১৭০০ জন কর্মকর্তা/কর্মচারী জোনাল অফিসার হিসেবে নিয়োগের প্রয়োজন হবে। উল্লেখ্য, আগামী ডিসেম্বর, ২০১৬ হতে মে, ২০১৭ সময়ের মধ্যে ১ম ফেইজের প্রস্তুতিমূলক কাজ ও মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিদ্যমান জনবল প্রয়োজনের তুলনায় অপ্রতুল থাকার কারণে উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলায় কর্মরত অন্যান্য দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে জোনাল অফিসার হিসেবে নিয়োগের প্রয়োজন হবে।

০৪। এমতাবস্থায় National Household Database (NHD) প্রকল্পের আওতায় প্রণীতব্য ডাটাবেইজটি সঠিক ও যথাযথভাবে প্রস্তুতের নিমিত্ত মাঠ পর্যায়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পাশাপাশি অন্যান্য বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের মধ্য হতে যোগ্য, দক্ষ এবং প্রযোজ্য ক্ষেত্রে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা/কর্মচারীকে জোনাল অফিসার নিয়োগে মন্ত্রণালয়, অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি।

ধন্যবাদান্তে,

০৫.১২.২০১৬

কে এম মোজাম্মেল হক
সচিব।

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
ডাইরী: ৫৮
তারিখ: ১১/১২/১৬